



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৪ এপ্রিল ২০২৩খ্রি.

এয়ারপোর্ট মোড়ে বঙ্গবন্ধুর মুরাল গড়ছেন চসিক মেয়র

চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর মোড়ে বঙ্গবন্ধুর মুরালসমৃদ্ধ চতুর গড়ছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

নগরীর গুরুত্বপূর্ণ এ মোড়ের নির্মানাধীন চতুরে থাকছে বাংলার ঐতিহ্যবাহী সাম্পান্নের মুরাল। মেয়র রেজাউল দায়িত্ব গ্রহণের পরপরই শহরের সৌন্দর্যবর্ধনের মাধ্যমে নান্দনিক চট্টগ্রাম গড়ার যে পরিকল্পনা নিয়েছেন তারই অংশ বঙ্গবন্ধুর মুরালসমৃদ্ধ এ চতুর। মঙ্গলবার মেয়র দক্ষিণ মধ্যম হালিশহর, দক্ষিণ হালিশহর, দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ডে উন্নয়ন কাজ পরিদর্শনে যান।

এসময় মেয়র দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ডে ডেইলপাড়া প্রাইমারি স্কুলের সামনের সড়কটি নীচু হওয়ায় জলমগ্ন থাকায় ১৫ দিনের মধ্যে টেক্ডার আহ্বান করে রাস্তা সংস্কারের নির্দেশ দেন। মেয়র আসন্ন বর্ষায় জলাবন্দতা আসে চসিকের পরিচ্ছন্নতা বিভাগ ও কাউন্সিলরকে দক্ষিণ মধ্যম হালিশহর ও দক্ষিণ হালিশহর ওয়ার্ডের জমে থাকা খাল ও নালা দ্রুত পরিষ্কারের জন্য কাজ শুরু নির্দেশ দেন।

এসময় উপস্থিত ছিলেন চসিকের কাউন্সিলর ছালেহ আহমদ চৌধুরী, গোলাম মোহাম্মদ চৌধুরী, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মনিরুল হুদা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী বিপ-ব দাশ, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলামসহ স্থানীয় নেতৃত্বন্দ।

৫০০ পরিবারকে ইফতারসামগ্রী দিলেন মেয়র

৫০০ জন পরিবারের মাঝে ইফতারসামগ্রী বিতরণ করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। মঙ্গলবার পূর্ব মাদারবাবাড়িতে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ইফতার বিতরণ করেন মেয়র।

এসময় মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী কাউন্সিলর গোলাম মোহাম্মদ জোবায়েরের নেয়া এ মহত্তী উদ্যোগের প্রশংসা করে বলেন, সাধারণ মানুষের পাশে বিভিন্নন্দের দাঁড়ানোর সর্বশ্রেষ্ঠ সময় এ সিয়াম সাধনার মাস রমজান। আজকের এ মহত্তী উদ্যোগের সাথে সংশ্লিষ্ট কাউন্সিলর গোলাম মোহাম্মদ জোবায়েরসহ সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আশা করি অন্যরাও এই উদ্যোগে উৎসাহিত হয়ে অসহায় মানুষের পাশে দাঁড়াবেন।

এসময় আরো উপস্থিত ছিলেন-আলহাজ্র জাহাসির চৌধুরী (সিইনসি), আলহাজ্র আলী বক্র, আলহাজ্র শওকত আলী, মো. মহসিন, দানু মিয়া, জসিমুল হুদা, ওমর ফারংক লুলু, দেলোয়ার হোসেন বাবুল, আবুল কাশেম ভূইয়া, আবদুল্লাহ ফারংক নোবেল, মাহমুদুল হক মুন্না, হায়দার আলী, শফিউল আজম চৌধুরী মজু প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮